

প্রিয় পরিবারবর্গ,

হাই স্কুলে ভর্তির আবেদন করার জন্য একমাস বাকি আছে! আপনার হাই স্কুলে ভর্তির আবেদন, এবং যদি প্রযোজ্য হয়, বাড়তি উপকরণ এবং/অথবা লাগোয়ার্ডিয়ায় রেজিস্ট্রেশন 11 মার্চ, 2022 তারিখের মধ্যে জমা দিন। তিনটি উপায়ের যেকোনো একটির মাধ্যমে আবেদন করুন:

- **অনলাইনে মাইস্কুলস-এর মাধ্যমে।** এই সুযোগটি প্রতিদিন 24 ঘণ্টা, সপ্তাহে সাত দিন খোলা আছে। আপনি অনলাইনে আরবি, বাংলা, চাইনিজ, ইংরেজি, ফ্রেঞ্চ, হেশিয়ান ক্রিওল, কোরিয়ান, রাশিয়ান, স্প্যানিশ, অথবা উর্দুতে আবেদন করতে পারেন।
- **আপনার সন্তানের বর্তমান স্কুল কাউন্সিলারের মাধ্যমে।** এই সুযোগ স্কুল দিবসে, স্কুল চলাকালে লভ্য রয়েছে।
- **একটি ফ্যামিলি ওয়েলকাম সেন্টারের মাধ্যমে** —এই লিংক থেকে সময়সূচি ও ঠিকানা জেনে নিন। 200-টির বেশি ভাষায় ফোনে দোভাষী সুবিধা লভ্য আছে।

স্মরণ রাখবেন, আপনার আবেদনপত্রে আপনার প্রকৃত পছন্দের ক্রমানুসারে আপনার প্রথম পছন্দটিকে #1-এ স্থান দিয়ে ক্রমানুসারে 12-টি প্রোগ্রামে আবেদন করুন। **কোনো প্রশ্ন আছে কি?**

- আরো জানতে এবং মাইস্কুলস সংক্রান্ত টিউটোরিয়াল দেখতে [schools.nyc.gov/High](https://schools.nyc.gov/High) এবং [schools.nyc.gov/SHS](https://schools.nyc.gov/SHS) দেখুন।
- মাইস্কুলস কিংবা আপনার আবেদন নিয়ে সহায়তার প্রয়োজন, অথবা কোনো প্রশ্ন আছে কি? আপনার সন্তানের বর্তমান স্কুল কাউন্সিলার অথবা কোনও [ফ্যামিলি ওয়েলকাম সেন্টারের](#) স্টাফের সাথে কথা বলুন।

শুভেচ্ছান্তে,

হাই স্কুল অ্যাডমিশনস্ টিম, অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট

এই ইমেইলটি কি আপনার কোনও বন্ধু আপনাকে প্রেরণ (ফরওয়ার্ড) করেছেন? [schools.nyc.gov/SignUp](https://schools.nyc.gov/SignUp) ওয়েবসাইটে, আমাদের হাই স্কুলে ভর্তিতে আগ্রহীদের মেইলিং লিস্টে (ডাক তালিকায়) নামে লেখাতে (বা সাইন আপ করতে) ভুলবেন না। হাই স্কুলে অ্যাডমিশনস বিষয়ে ভবিষ্যতে কোনও বার্তা না পেতে চাইলে, তথা আনসাবস্ক্রাইব করতে, অনুগ্রহ করে [এখানে](#) ক্লিক করুন।